রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২ বৈশাখ ১৪১৯/১৫ এপ্রিল ২০১২

এস, আর, ও, নং ১০৩-আইন/২০১২।—যেহেতু বাংলাদেশে প্রচলিত Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এবং প্রচলিত এতদসংক্রান্ত আইনের অধীনে দ্বৈত করারোপণ পরিহার এবং আয়ের উপর কর সম্পর্কিত রাজস্ব ফাঁকি প্রতিরোধের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং কিংডম অব সৌদি আরব সরকার এর মধ্যে ০৪ জানুয়ারি, ২০১১ খ্রিঃ তারিখে নিম্ন তফসিলে বর্ণিত চুক্তি সম্পাদিত হইয়াছে; এবং

যেহেতু, উক্ত চুক্তির বিধানাবলী বাংলাদেশে কার্যকর করা প্রয়োজন;

সেহেতু, Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 144(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্দ্বারা বিধান করিল যে, এতদসংগে সংযোজিত উল্লিখিত চুক্তির (বাংলা ও ইংরেজী পাঠ) বিধানাবলী ০১ অক্টোবর, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে বাংলাদেশে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলাউদ্দিন
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মূল্য ঃ টাকা ২০.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 103/2012 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 1 / 43

চুক্তি

(বাংলা পাঠ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

কিংডম অব সৌদি আরব সরকার এর

মধ্যে

আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য

চুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং কিংডম অব সৌদি আরব সরকার

আয় করের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের অভিপ্রায়ে;

নিম্নরূপ চুক্তিতে সম্মত হইল ঃ

অনুচ্ছেদ ১

আওতাভুক্ত ব্যক্তি

এই চুক্তি, চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্র অথবা উভয় রাষ্ট্রের নিবাসী ব্যক্তিগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২

আওতাভুক্ত করসমূহ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অথবা উহার স্থানীয় কর্তৃপক্ষের আরোপিত আয়করের ক্ষেত্রে, উহা যেভাবেই ধার্যকৃত হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। আয়কর বলিতে মোট আয়ের উপর আরোপিত আয়কর, অথবা স্থাবর ও অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে উদ্ভূত আয়সহ আয়ের যে কোন অংশ বা কোন উদ্যোগ হইতে পরিশোধিত বেতন বা মঞ্জুরী বা মূলধনী মুনাফা এর উপর আরোপিত আয়কর বুঝাইবে।

৩। এই চুক্তি যে সকল করের ক্ষেত্রে প্রযোজ্য হইবে সেইগুলি নিম্নরূপ, যথা—

(ক) কিংডম অব সৌদি আরবের ক্ষেত্রে ঃ

(i) যাকাত

(ii) প্রাকৃতিক গ্যাস বিনিয়োগ করসহ আয়কর
(অতঃপর "সৌদি কর" বলিয়া উল্লিখিত)।

(খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ক্ষেত্রে ঃ

আয়কর
(অতঃপর "বাংলাদেশ কর" বলিয়া উল্লিখিত)।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। চুক্তি স্বাক্ষরিত হইবার পর এই চুক্তির বিধানাবলী বিদ্যমান কর সমূহের অতিরিক্ত কিংবা উহাদের পরিবর্তে আরোপিত কোন অভিন্ন বা মূলতঃ একই ধরণের করসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ তাঁহাদের স্ব স্ব কর আইনে আনীত গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবেন।

অনুচ্ছেদ-৩

সাধারণ সংজ্ঞাসমূহ

১। প্রসংগের প্রযোজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তির উদ্দেশ্যে ঃ

(ক) **"বাংলাদেশ"** বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সমগ্র ভৌগোলিক সীমাসহ আন্তর্জাতিক আইনানুযায়ী বা পরবর্তীতে বাংলাদেশের আইনানুসারে সমুদ্রতল এবং উহার নিম্নবর্তী ভূ-স্তরে প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান ও উৎকর্ষ সাধনে বাংলাদেশের সার্বভৌম ক্ষমতা প্রয়োগ করা যায় এইরূপ এলাকাকে বুঝাইবে;

(খ) **"কিংডম অব সৌদি আরব"** বলিতে কিংডম অব সৌদি আরবের ভৌগোলিক সীমাসহ উহার জল সীমা সংলগ্ন জল, সমুদ্রতল, উহার নিম্নবর্তী ভূ-স্তর এবং প্রাকৃতিক সম্পদ যাহার উপর সৌদি আরবের আইন ও আন্তর্জাতিক আইন অনুযায়ী সৌদি আরব সার্বভৌম অধিকার প্রয়োগ করিতে পারে এইরূপ অঞ্চলকেও বুঝাইবে;

(গ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র" বলিতে এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র" এর অর্থ প্রসংগ অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ অথবা কিংডম অব সৌদি আরব;

(ঘ) "ব্যক্তি" বলিতে একক ব্যক্তি, কোম্পানী এবং অন্য কোন ব্যক্তিবর্গ যাহার মধ্যে রাষ্ট্র বা উহার স্থানীয় কর্তৃপক্ষ, ট্রাস্ট এবং ফাউন্ডেশন অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) "কোম্পানী" বলিতে করারোপণের উদ্দেশ্যে কোন সংবিধিবদ্ধ সংস্থা অথবা কোন সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে গণ্য যে কোন সংস্থাকে বুঝাইবে;

(চ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উদ্যোগ" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্যোগ" বলিতে যথাক্রমে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগ এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগকে বুঝাইবে;

(ছ) "আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থা" বলিতে চুক্তি সম্পাদনকারী দেশে অবস্থিত কার্যকর ব্যবস্থাপনা সম্বলিত কোন উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন নৌ-পরিবহন অথবা বিমান পরিবহন বুঝাইবে, তবে কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে সীমাবদ্ধ নৌ-পরিবহন অথবা বিমান পরিবহন পরিচালনাকে বুঝাইবে না;

(জ) "নাগরিক" অর্থ ঃ

১। চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রের নাগরিকত্বধারী যে কোন ব্যক্তি;

২। চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রে বলবৎ আইন বলে অর্জিত মর্যাদা সম্পন্ন যে কোন আইনানুগ ব্যক্তি, অংশীদারিত্ব ও সংঘ;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(ঝ) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ ঃ

১। কিংডম অব সৌদি আরবের ক্ষেত্রে, অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত অর্থমন্ত্রী অথবা তদকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;

২। বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড বা তদকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;

২। চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্র কর্তৃক যে কোন সময় এই চুক্তি প্রয়োগের ক্ষেত্রে, এই চুক্তিতে সংজ্ঞা প্রদান করা হয় নাই এইরূপ কোন শব্দ, প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, উক্ত রাষ্ট্রের বিদ্যমান আইন অনুযায়ী এই চুক্তির অধীন কর সংক্রান্ত বিষয়ে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেইরূপ অর্থ বহন করিবে, এই ক্ষেত্রে কর সংক্রান্ত আইনে প্রদত্ত উক্ত শব্দের অর্থ অন্যান্য আইনে প্রদত্ত অর্থের উপর প্রাধান্য পাইবে।

অনুচ্ছেদ ৪

নিবাসী

১। এই চুক্তির উদ্দেশ্যে, "চুক্তি সম্পাদনকারী যে কোন রাষ্ট্রের নিবাসী" বলিতে ঃ

(ক) ঐ রাষ্ট্রে তাহার আবাস ভূমি, বাসস্থান, ব্যবস্থাপনার স্থান অথবা অনুরূপ প্রকৃতির অন্য কোন নীতি অনুযায়ী কোন কারণে উক্ত রাষ্ট্রের আইন অনুসারে করারোপণযোগ্য কোন ব্যক্তিকে বুঝাইবে।

(খ) চুক্তি সম্পাদনকারী যে কোন রাষ্ট্রের সরকার অথবা ইহার যে কোন একটি আইনানুগ প্রতিষ্ঠান, এজেন্সীসমূহ অথবা ইহার স্থানীয় কর্তৃপক্ষ;

(গ) চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রের আইনানুযায়ী গঠিত কর অব্যাহতিপ্রাপ্ত কোন আইনানুগ ব্যক্তি যাহা সাধারণত উক্ত রাষ্ট্রে স্থাপিত এবং পরিচালিত হয় ঃ

(i) শুধুমাত্র দাতব্য, শিক্ষা, বৈজ্ঞানিক অথবা এরূপ প্রকৃতির কোন উদ্দেশ্যে; অথবা

(ii) কোন একটি পরিকল্পনার অধীন কর্মচারীদের অবসরজনিত ভাতা বা অনুরূপ কোন সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে।

২। যে ক্ষেত্রে এই অনুচ্ছেদের দফা ১ এর বিধানাবলীর কারণে কোন একক ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হইলে, সেই ক্ষেত্রে তাঁহার মর্যাদা নিম্নলিখিতভাবে নির্ধারিত হইবে ঃ

(ক) চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী নিবাস রহিয়াছে তিনি সেই চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন; যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাঁহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী থাকে তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের সহিত তাঁহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে তাহা নির্ণয় করা সম্ভব না হইলে অথবা চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রেই তাঁহার নিজের ব্যবহারের জন্য কোন স্থায়ী বাড়ী না থাকিলে, তিনি সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন, যে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে তিনি সচরাচর বসবাস করিয়া থাকেন।

(গ) যদি চুক্তি সম্পদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করেন, অথবা উহাদের কোনটিতেই বসবাস না করেন, তাহা হইলে তিনি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।

(ঘ) যদি তিনি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নাগরিক হন অথবা উহাদের কোনটিরই নাগরিক না হন, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতিক্রমে বিষয়টির মীমাংসা করিবেন।

৩। যে ক্ষেত্রে এই অনুচ্ছেদের দফা ১ এর বিধানাবলীর কারণে, একক ব্যক্তি ব্যতীত কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তাহার কার্যকরী ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

অনুচ্ছেদ ৫

স্থায়ী প্রতিষ্ঠান

১। এই চুক্তির উদ্দেশ্যসমূহ পূরণকল্পে "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে ব্যবসার সেইরূপ নির্দিষ্টস্থানকে বুঝাইবে যে স্থানে উক্ত উদ্যোগের ব্যবসা সামগ্রিকভাবে বা আংশিকভাবে পরিচালিত হয়।

২। "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে বিশেষভাবে নিম্নলিখিত বিষয়সমূহ ইহার অন্তর্ভুক্ত হইবে ঃ

(ক) ব্যবস্থাপনার স্থান;

(খ) শাখা;

(গ) অফিস;

(ঘ) কারখানা;

(ঙ) কর্ম-শিবির;

(চ) পণ্যাগার, যাহা অন্যদের মালামাল গুদামজাত করার সুবিধার্থে ব্যবহার করিতে দেওয়া হয়;

(ছ) খনি, ভূগর্ভস্থ খাদ অথবা প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য অন্য কোন স্থান।

৩। "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে নিম্নলিখিতগুলিও অন্তর্ভুক্ত হইবে ঃ

(ক) অট্টালিকা নির্মাণ স্থান, বা নির্মাণ, সংযোজন বা স্থাপন প্রকল্প, বা উহার সহিত সংশ্লিষ্ট তদারকী কার্যক্রম যাহা ছয় মাসের অধিককাল ব্যাপীয় অব্যাহত থাকে;

(খ) কোন উদ্যোক্তা কর্তৃক উহার কর্মচারীগণ বা অন্যান্য ব্যক্তির মাধ্যমে উপদেশমূলক সেবা প্রদান করিলে এবং এইরূপ কার্যক্রম যাহা উক্ত রাষ্ট্রে বার মাসের ব্যপ্তির মধ্যে ছয় মাসের অধিককাল ব্যাপীয় অব্যাহত থাকে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলী সত্ত্বেও নিম্নবর্ণিত বিষয়সমূহ "স্থায়ী প্রতিষ্ঠান" এর অন্তর্ভুক্ত হইবে না ঃ

(ক) কেবল উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী গুদামজাতকরণ অথবা প্রদর্শনের উদ্দেশ্যে সুবিধাদির ব্যবহার;

(খ) কেবল সংরক্ষণ বা প্রদর্শনের উদ্দ্যেশ্যে উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্য সামগ্রী সংরক্ষণ;

(গ) উদ্যোগটির মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্যসামগ্রী অন্য উদ্যোগ কর্তৃক কেবল প্রক্রিয়াজাতকরণের জন্য রক্ষণাবেক্ষণ;

(ঘ) উদ্যোগের জন্য কেবল দ্রব্য বা পণ্যসামগ্রী ক্রয় করার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্তে ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ।

(ঙ) বিজ্ঞাপন কার্যক্রম পরিচালনা বা তথ্য সরবরাহ বা বৈজ্ঞানিক গবেষণা পরিচালনা বা একই ধরণের প্রস্তুতিমূলক কার্যক্রম অথবা উদ্যোগের জন্য সহায়ক কার্যক্রমের নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;

(চ) দফা (ক) হইতে (ঙ) তে বর্ণিত যে কোন কার্যক্রমের সমন্বয়ের জন্য স্থায়ী ব্যবসার স্থান সংরক্ষণ, তবে শর্ত থাকে যে উক্ত স্থায়ী ব্যবসার স্থানের সামগ্রিক কার্যক্রম প্রস্তুতিমূলক অথবা সাহায্যকারী প্রকৃতির;

(ছ) উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী যাহা ক্ষণস্থায়ী মেলা বা প্রদর্শনীতে প্রদর্শন করার পর মেলা প্রদর্শন শেষে বিক্রয় করা হয়।

৫। দফা ১ ও ২ এর বিধানাবলী সত্ত্বেও, স্বাধীন মর্যাদা সম্পন্ন কোন এজেন্ট যাহার উপর দফা ৬ এর বিধান প্রযোজ্য এইরূপ ব্যক্তি ব্যতীত কোন ব্যক্তি যখন চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের পক্ষে কাজ করেন তখন উক্ত উদ্যোগ প্রথমোক্ত রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে, যদি উক্ত ব্যক্তি ঃ

(ক) উক্ত উদ্যোগের পক্ষে প্রথমোক্ত রাষ্ট্রে চুক্তি সম্পাদন করার সাধারণ কর্তৃত্ব প্রাপ্ত হন এবং উক্ত কর্তৃত্ব সচরাচর প্রয়োগ করেন, যদি না ঐ ব্যক্তির কার্যক্রম দফা ৪ এ বর্ণিত কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ থাকে যাহা ব্যবসার নির্দিষ্ট স্থানের মাধ্যমে পরিচালিত হইলেও ব্যবসার ঐ নির্দিষ্ট স্থান উক্ত দফার বিধানাবলীর ক্ষেত্রে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না; অথবা

(খ) অনুরূপ কোন কর্তৃত্ব নন তবে প্রথমোক্ত রাষ্ট্রে সেই উদ্যোগ এর মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্য সামগ্রী সচরাচর রক্ষণাবেক্ষণ করিয়া থাকেন যাহা হইতে তিনি উক্ত উদ্যোগের জন্য বা উহার পক্ষে দ্রব্য বা পণ্য সামগ্রী নিয়মিত সরবরাহ করিয়া থাকেন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৬। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উহার কোন দালাল, সাধারণ কমিশন এজেন্ট অথবা স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন মধ্যস্থতাকারীর মাধ্যমে ব্যবসার পরিচালনা করে এবং যদি উক্ত ব্যক্তিগণ তাহাদের সাধারণ ব্যবসা পরিচালনাকালে কার্যরত থাকেন, তবে কেবলমাত্র সেই কারণে ঐ রাষ্ট্রে উক্ত উদ্যোগের কোন স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে বলিয়া গণ্য হইবে না।

৭। চুক্তি সম্পাদনকারী কোন একটি রাষ্ট্রের নিবাসী একটি কোম্পানী যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানীকে নিয়ন্ত্রণ করে বা উহার দ্বারা নিয়ন্ত্রিত হয় অথবা অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করে (স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে বা অন্য কোনভাবে), তাহা হইলে উক্ত কোন কোম্পানীই অপর কোম্পানীর স্থায়ী প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হইবে না।

অনুচ্ছেদ ৬

স্থাবর সম্পত্তি হইতে আয়

১। চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্থাবর সম্পত্তি (কৃষি বা বৃক্ষরোপণ হইতে অর্জিত আয় অন্তর্ভুক্ত) হইতে প্রাপ্ত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইন অনুসারে "স্থাবর সম্পত্তি" যে অর্থে ব্যবহৃত হয়েছে সেই অর্থ বহন করিবে। যে কোন ক্ষেত্রেই "স্থাবর সম্পত্তি" বলিতে স্থাবর সম্পত্তির আনুষঙ্গিক সকল সম্পত্তি, গবাদি পশু, কৃষি ও বৃক্ষরোপণে ব্যবহৃত সরঞ্জামাদি, ভূ-সম্পত্তি সংক্রান্ত অধিকারের ক্ষেত্রে সাধারণ আইনের বিধানাবলী প্রযোজ্য এইরূপ অধিকার, অন্যের স্থাবর সম্পত্তি ভোগের অধিকার এবং কাজের বিনিময়ে পরিবর্তনশীল বা নির্ধারিত পরিমাণ প্রাপ্তির অধিকার এবং খনি, উৎসসমূহ ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অন্তর্ভুক্ত হইবে। জাহাজ, নৌকা, উড়োজাহাজ স্থাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।

৩। এই অনুচ্ছেদের দফা ১ এর বিধানসমূহ স্থাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া বা অন্য যে কোন উপায়ে ব্যবহার বাবদ প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হইবে।

৪। এই অনুচ্ছেদের দফা ১ ও ৩ এর বিধানসমূহ যে কোন উদ্যোগের স্থাবর সম্পত্তির আয় এবং স্বতন্ত্রভাবে ব্যক্তিগত কর্মে ব্যবহৃত স্থাবর সম্পত্তির আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৭

ব্যবসায়ে মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের কোন উদ্যোগের মুনাফা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে যদি উক্ত উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা না করে। যদি উক্ত উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উহার ব্যবসা পরিচালনা করে, তাহা হইলে উক্ত উদ্যোগের মুনাফার উপর অপর রাষ্ট্রে করারোপণ করা যাইবে, তবে সেই ক্ষেত্রে মুনাফার উপর ততটুকু পরিমাণ কর আরোপযোগ্য হইবে যাহা ঃ

(ক) উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের ক্ষেত্রে;

(খ) উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে বিক্রয় করা হয় এইরূপ একই বা সমজাতীয় দ্রব্য বা পণ্য সামগ্রী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে বিক্রয়ের ক্ষেত্রে; অথবা

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত হয় এইরূপ অন্যান্য ব্যবসায়িক কার্যক্রমের একই বা সমজাতীয় ধরণের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কর আরোপযোগ্য হয়।

২। এই অনুচ্ছেদের দফা ৩ এর বিধানাবলী সাপেক্ষে, যে ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে সেই ক্ষেত্রে, উহা যদি কোন স্বতন্ত্র ও পৃথক উদ্যোগ হিসেবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্তানুসারে একই বা অনুরূপ কার্যাবলী পরিচালনা করিত এবং উহা যে উদ্যোগের স্থায়ী প্রতিষ্ঠান উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে ব্যবসা করিত তাহা হইলে যে পরিমাণ মুনাফা অর্জিত হইত বলিয়া প্রত্যাশা করা যাইত, সেই পরিমাণ মুনাফা চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রে ঐ স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপিত হইবে।

৩। কোন স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণে, নির্বাহী ও সাধারণ প্রশাসনিক ব্যয়সহ স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার জন্য স্থায়ী প্রতিষ্ঠান যে রাষ্ট্রে অবস্থিত সে রাষ্ট্রে বা অন্য কোথায়ও ব্যয়িত খরচ কর্তন হিসাবে বাদ হইবে। যাহা হউক, এইরূপ কোন কর্তন করা যাইবে না, যদি, স্থায়ী প্রতিষ্ঠান উদ্যেগের প্রধান কার্যালয় বা উহার অন্য কোন কার্যালয়কে, পেটেন্ট বা অন্যান্য অধিকার ব্যবহারের বিপরীতে রয়্যালটি, ফি বা অন্যান্য একইরূপ পরিশোধ (প্রকৃত খরচ ফেরৎ প্রেরন ব্যতীত) করে অথবা নির্দিষ্ট সেবা প্রদান বা ব্যবস্থাপনার জন্য কমিশন প্রদান করে অথবা ব্যাংকিং উদ্যোগের ক্ষেত্র ব্যতীত, অন্যান্য ক্ষেত্রে স্থায়ী প্রতিষ্ঠানের গৃহীত ঋণের অর্থের বিপরীতে ঋণ দাবী হইতে আয় পরিশোধ করে। অনুরূপভাবে স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নিরূপণের ক্ষেত্রে, স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক প্রধান কার্যালয় বা উহার অন্য কোন কার্যালয়কে, পেটেন্ট বা অন্যান্য অধিকার ব্যবহারের বিপরীতে রয়্যালটি, ফি বা অন্যান্য একইরূপ ধরনের চার্জ অথবা নির্দিষ্ট সেবা প্রদান বা ব্যবস্থাপনার জন্য কমিশন চার্জ অথবা ব্যাংকিং উদ্যোগের ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে প্রধান কার্যালয় বা ইহার অন্য কোন কার্যালয় কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে ঋণ দাবী হইতে আয় চার্জ করা হইলে তাহা আয় হিসাবে বিবেচিত হইবে না।

৪। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের প্রথানুযায়ী কোন স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপনীয় মুনাফা উহার বিভিন্ন অংশের মধ্যে সামগ্রিক মুনাফা বন্টনের ভিত্তিতে নির্ধারণের ক্ষেত্রে দফা ২ এবং কোন কিছুই চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের প্রথানুযায়ী বন্টনের ভিত্তিতে করযোগ্য মুনাফা নির্ধারণে বাধা প্রদান করিবেনা। তবে এইরূপ গৃহীত বন্টন রীতি এমন হইতে হইবে যে, ইহার ফল এই অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার সহিত সংগতিপূর্ণ হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত উহার উদ্যোগ এর জন্য দ্রব্য অথবা পণ্যসামগ্রী ক্রয় করা হলে কেবল এই কারণেই উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর মুনাফা আরোপিত হইবে না।

৬। অন্যান্য বিষয়সমূহে যাহাই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পণ্য রপ্তানী বাবদ অর্জিত ব্যবসায়িক মুনাফার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপ করা যাইবে না। যে ক্ষেত্রে রপ্তানী চুক্তির মধ্যে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অন্যান্য ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা অন্তর্ভুক্ত থাকে সেইক্ষেত্রে ঐরূপ কার্যক্রম হইতে অর্জিত মুনাফার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপিত হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৭। 'ব্যবসায়িক মুনাফা' এর অর্থ শিল্প উৎপাদন, বাণিজ্য, ব্যাংকিং, বীমা, অভ্যন্তরীণ পরিবহন, সেবা প্রদান, দৃশ্যমান ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি ভাড়া প্রদান হইতে আয় এর মধ্যে সীমাবদ্ধ থাকিবে না। চাকুরীজীবী হিসাবে অথবা স্বতন্ত্রভাবে একক ব্যক্তি কর্তৃক ব্যক্তিগত সেবা প্রদান যাহার বিষয়ে এই চুক্তির অনুচ্ছেদ ১৪ এবং ১৫ এ ব্যবস্থা গ্রহণ করা হয় তাহা ইহার অন্তর্ভুক্ত হইবে না।

৮। অনিবাসীর সহিত বীমা থেকে প্রাপ্ত মুনাফার উপরে আরোপের জন্য চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন আইনের প্রয়োগকে এই অনুচ্ছেদের কোন কিছু প্রভাবিত করিবে না। তবে শর্ত থাকে যে, এই চুক্তি স্বাক্ষরের দিন চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের এ সম্পর্কিত বলবৎ আইনে কোন পার্থক্য (ক্ষুদ্র পার্থক্য যাহা মূল বিষয়কে প্রভাবিত করে না ব্যতীত) থাকিলে এই অনুচ্ছেদে প্রয়োজনীয় যথাযথ পরিবর্তন আনার উদ্দেশ্য নিয়ে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহ পরস্পরের সহিত আলোচনা করিবে।

৯। যে ক্ষেতে মুনাফার মধ্যে এইরূপ আয় অন্তর্ভুক্ত থাকে যাহা সম্পর্কে এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী দ্বারা ঐ সকল অনুচ্ছেদের বিধানাবলী লংঘিত হইবে না।

অনুচ্ছেদ ৮

জাহাজ ও বিমান পরিবহন

১। আন্তর্জাতিক পরিবহন ক্ষেত্রে বিমান পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনা ক্ষেত্র অবস্থিত।

২। আন্তর্জাতিক পরিবহন ক্ষেত্রে জাহাজ পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনা ক্ষেত্র অবস্থিত। যাহাহউক, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত মুনাফা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হতে পারে, কিন্তু চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে আরোপিত কর মুনাফার ৪ শতাংশের বেশী হবে না। কিন্তু নিজস্ব কর আইনে পরিবর্তনের ফলে যদি শিপিং ব্যবসার কর হার হ্রাস পায় তবে বর্ণিত মুনাফার উপর ঐ হ্রাসকৃত হারে করারোপিত হইবে।

৩। এই অনুচ্ছেদের দফা ১ এ বিধানসমূহ স্থাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া দেওয়া বা অন্য যে কোন উপায়ে উহা ব্যবহার বাবদ প্রাপ্ত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ জাহাজের মুনাফার উপর কর আরোপের ক্ষেত্রে দফা ২ এর বিধান প্রযোজ্য হইবে।

৪। দফা ১ এবং ২ এর বিধানাবলী কোন পুল, যৌথ ব্যবসা অথবা আন্তর্জাতিকভাবে পরিচালিত এজেন্সিতে অংশগ্রহণের ফলে অর্জিত মুনাফার উপরও প্রযোজ্য হইবে।

৫। রাষ্ট্র দুইটির আন্তর্জাতিক পরিবহনের ক্ষেত্রে "রাষ্ট্র দুইটির বিমান পরিবহন উদ্যোগের কার্যক্রমের উপর কর এবং শুল্কের পারস্পরিক অব্যাহতি" সম্পর্কিত স্বাক্ষরিত চুক্তির আওতায় অধিকার ও দায়িত্বকে এই অনুচ্ছেদের কোন বিধান প্রভাবিত করিবে না।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ৯

সহযোগী প্রতিষ্ঠান

১। যেইক্ষেত্রে ঃ

(ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ বা মূলধনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করে; অথবা

(খ) একই ব্যক্তিবর্গ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা মূলধনে যুগপৎভাবে অংশগ্রহণ করে;

এবং উভয় ক্ষেত্রে যদি ২টি উদ্যোগের মধ্যে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্কের কারণে উহাদের মধ্যে এইরূপ শর্ত আরোপিত থাকে যাহা উহারা স্বতন্ত্র উদ্যোগ হিসাবে কাজ করিলে একইরূপ হইত না সেই ক্ষেত্রে কোন একটি উদ্যোগের যদি ঐ শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই কিন্তু শর্তসমূহ না থাকিলে অর্জিত হইত তাহা হইলে ঐ মুনাফাকে ঐ উদ্যোগের মুনাফার অন্তর্ভুক্ত করা যাইবে এবং সেই অনুযায়ী করারোপণ করা যাইবে।

২। যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রের কোন উদ্যোগের মুনাফা হিসাবে অন্তর্ভুক্ত করে এবং সেই অনুযায়ী কর আরোপ করে এবং ঐ মুনাফার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র কোন উদ্যোগকে অপর রাষ্ট্রে করারোপণ করিয়া থাকে তাহা হইলে যে মুনাফা অন্তর্ভুক্ত করা হইয়াছে ঐ মুনাফা যদি এইরূপ মুনাফা হয় যাহা প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের উদ্যোগের মুনাফা হইত যদি উদ্যোগ ২টির মধ্যে আরোপিত শর্তসমূহ এইরূপ হইত যাহা ২টি স্বতন্ত্র উদ্যোগের মধ্যে সম্পাদনযোগ্য, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র ঐ মুনাফার বিপরীতে যে পরিমাণ কর আরোপণ করিয়াছে তাহা যথাযথ সমন্বয় সাধন করিবে। এইরূপ সমন্বয় নিরূপণের ক্ষেত্রে, এই চুক্তির অন্যান্য বিধানসমূহের দিকে লক্ষ্য রাখিতে হইবে এবং চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ প্রয়োজনে পারস্পরিক আলোচনা করিবে।

অনুচ্ছেদ ১০

লভ্যাংশ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর উক্ত অপর রাষ্ট্রে কর আরোপ করা যাবে।

২। যাহা হউক, এরূপ লভ্যাংশের উপর কর যে কোম্পানী লভ্যাংশ প্রদান করিতেছে তাহা চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী এবং ঐ রাষ্ট্রের আইনানুযায়ী সে রাষ্ট্রেও আরোপ করা যেতে পারে। কিন্তু লভ্যাংশে মালিক যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হয় তা হলে আরোপিত করের পরিমাণ লভ্যাংশের মোট পরিমাণের শতকরা ১০ ভাগের অধিক হইবে না। এই দফা কোম্পানীর আয় যা থেকে লভ্যাংশ প্রদান করা হয়েছে তার করারোপণকে প্রভাবিত করিবে না।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। এই অনুচ্ছেদে বর্ণিত "লভ্যাংশ" বলিতে শেয়ার, "জুইসেন্স" শেয়ার বা "জুইসেন্স" অধিকার, মাইনিং শেয়ার, ফাউন্ডারস শেয়ার অথবা ঋণের দাবী ব্যতীত অন্যান্য অধিকার, মুনাফায় অংশগ্রহণ, অন্যান্য কর্পোরেট অধিকার থেকে আয়, এছাড়া অন্যান্য আয় যা বিতরণকারী কোম্পানী চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সে রাষ্ট্রের আইনানুসারে শেয়ার আয়ের উপর যেরূপ করারোপণ করা হয় একই রকম করারোপণযোগ্য সে আয়কে বুঝাইবে।

৪। লভ্যাংশের সুবিধার অধিকারী যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানীর, উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী ঘাটির মাধ্যমে স্বাধীন ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে হোল্ডিং-এর বদৌলতে উক্ত লভ্যাংশ প্রদান করা হয় তাহা যদি কার্যকরীভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাটির সহিত সংশ্লিষ্ট হয় তাহা হইলে এই অনুচ্ছেদের ১ এবং ২ দফার বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী ক্ষেত্র বিশেষে প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অধিবাসী কোন কোম্পানী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন মুনাফা বা আয় লাভ থাকিলে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে, উক্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোন কর আরোপ নাও করিতে পারেন, তবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে কিংবা যে হোল্ডিং ব্যাপারে লভ্যাংশ প্রদান করা হয় সেই হোল্ডিং উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাটির সংগে কার্যকরীভাবে সম্পর্কিত থাকার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে, যদিও প্রদত্ত লভ্যাংশ বা অবন্টনকৃত মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত হইয়া থাকে তবু কোম্পানীর উক্ত অবন্টনকৃত মুনাফার উপর কোন কর আরোপ করা হইবে না।

অনুচ্ছেদ ১১

ঋণ দাবী থেকে আয়

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে লব্ধ ঋণ দাবী থেকে আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে তাহা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। যাহা হউক, এইরূপ ঋণ দাবী থেকে আয় চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে লব্ধ সেই রাষ্ট্রের আইন অনুযায়ী সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু যদি উক্ত আয়ের সুবিধার অধিকারী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন, তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট ঋণ দাবী থেকে আয়ের শতকরা ৭.৫ ভাগের অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত "ঋণ দাবী থেকে আয়" বলিতে বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হউক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এইরূপ সকল প্রকার ঋণ দাবী হইতে অর্জিত আয় এবং বিশেষ করিয়া, সরকারি সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চারের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও পুরস্কারসহ সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চার হইতে অর্জিত আয়। এই অনুচ্ছেদের ঋণ দাবী থেকে আয় বলিতে বিলম্বিত পরিশোধের কারণে জরিমানা চার্জ অন্তর্ভুক্ত হইবে না।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। যদি ঋণ দাবী থেকে আয় গ্রহীতা চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে যে রাষ্ট্রে ঋণ দাবী থেকে আয় উৎপত্তি হইয়াছে সে রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে উক্ত রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করেন, এবং যে ঋণ দাবী সম্পর্কে ঋণ দাবী থেকে আয় প্রদান করা হয় তাহা যদি উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের সহিত সক্রিয়ভাবে সম্পর্কযুক্ত হয়, তাহা হইলে ১ এবং ২ দফার বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ এবং ১৪ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রে ঋণ দাবী থেকে আয় তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন দাতা ঐ রাষ্ট্রের নিবাসী হন। যে ক্ষেত্রে, যে ব্যক্তি এইরূপ আয় পরিশোধ করিতেছেন তিনি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অবস্থিত, যে ঋণের জন্য উক্ত আয় পরিশোধ করা হয় তাহা সৃষ্টি হওয়ার সংগে জড়িত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে এবং ঐ আয় ঐ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিলে, সেই ক্ষেত্রে সেই আয় চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৬। যে ক্ষেত্রে, ঋণ দাবী থেকে আয় দাতা ও ঋণ দাবী থেকে আয় লাভের অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্কহেতু প্রদত্ত ঋণ দাবী থেকে আয়ের পরিমাণ, যে ঋণ দাবী বাবদ ঋণ দাবী থেকে আয় প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত ঋণ দাবী থেকে আয় দাতা ও ঋণ দাবী থেকে আয় লাভের অধিকারী যে পরিমাণ ঋণ দাবী থেকে আয় প্রদানে সম্মত হইতেন তদ্‌পেক্ষা অধিক হয়, সে ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, প্রদত্ত অতিরিক্ত অর্থ চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইন অনুযায়ী করযোগ্য হইবে। তবে, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিতে হইবে।

অনুচ্ছেদ ১২

রয়্যালটি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অর্জিত রয়্যালটি, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে উক্ত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। যাহা হউক, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্র উক্ত রয়্যালটির উৎস সেই রাষ্ট্রের আইন অনুযায়ী তাহা সেই রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে। কিন্তু প্রাপক যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর রয়্যালটির মোট পরিমাণের শতকরা ১০ ভাগের অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত "রয়্যালটি" এর অর্থ কোন সাহিত্য, শৈল্পিক বা বৈজ্ঞানিক গ্রন্থস্বত্ব, সিনেম্যাটোগ্রাফ ফিল্ম, বেতার ও টেলিভিশন প্রচারকার্যে ব্যবহৃত ফিল্ম বা টেপসহ, অথবা কোন পেটেন্ট ট্রেড মার্ক, নকসা, মডেল, পরিকল্পনা, গোপন ফর্মূলা বা প্রক্রিয়া অথবা শিল্প বাণিজ্য সম্পর্কিত বা বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরঞ্জাম অথবা শিল্প বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদি ব্যবহারের বিনিময়ে প্রাপ্ত যে কোন প্রকার অর্থাদি।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। রয়্যালটির সুবিধা লাভের অধিকারী চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হিসাবে চুক্তি সম্পাদনকারী অন্য যে রাষ্ট্রে রয়্যালটির উদ্ভব হইয়াছে সেই রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করিলে অথবা কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি অপর রাষ্ট্রে পরিচালনা করিলে এবং যে অধিকার বা সম্পত্তি বাবদ উক্ত রয়্যালটি প্রদান করা হয় তাহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কযুক্ত হইলে দফা ১ ও ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ ও অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রে রয়্যালটি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন দাতা ঐ রাষ্ট্রের নিবাসী হন। যে ক্ষেত্রে, যে ব্যক্তি রয়্যালটি পরিশোধ করিতেছেন তিনি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অবস্থিত রয়্যালটি পরিশোধরে দায় সৃষ্টি হওয়ার সংগে জড়িত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে এবং ঐ রয়্যালটি ঐ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিলে, সেই ক্ষেত্রে সেই রয়্যালটি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৬। রয়্যালটি প্রদানকারী ও রয়্যালটি সুবিধা লাভের অধিকারী অথবা তাহাদের উভয় ও অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্কহেতু যে ব্যবহার, অধিকার অথবা তথ্য বাবদ রয়্যালটি প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া প্রদত্ত রয়্যালটির পরিমাণ, ঐরূপ সম্পর্কের অবর্তমানে উহা প্রদানকারী ও উহার সুবিধা লাভের অধিকারীর সম্মতিক্রমে স্থিরকৃত পরিমাণ অপেক্ষা অধিক হইলে, এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি লক্ষ্য রাখিয়া চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্বীয় আইন অনুযায়ী প্রদত্ত অর্থের অতিরিক্ত অর্থের উপর কর আরোপ করা হইবে।

অনুচ্ছেদ ১৩

মূলধনী মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিত স্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে উদ্ভূদ মুনাফার উপর কর চুক্তি সম্পাদনকরী অপর রাষ্ট্রে আরোপ করা যাইতে পারে।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যেগের মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা সম্পত্তির অংশ-বিশেষ বলিয়া গণ্য এমন কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অথবা পেশাগত কার্যাদি সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসীর মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা, এবং এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান (এককভাবে বা সমগ্র উদ্যোগ একত্রে) হস্তান্তরের মাধ্যমে অথবা উক্ত নির্দিষ্ট কেন্দ্র হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। আন্তর্জাতিক পরিবহণে পরিচালিত জাহাজ বা বিমান বা এইরূপ জাহাজ বা বিমান পরিবহণের সহিত সংশ্লিষ্ট অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে মুনাফা, উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার স্থান চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

৪। দফা ২ এর বিধান সত্ত্বেও চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে নিবাসী একটি কোম্পানীর মূলধনের অংশ হিসাবে কোন শেয়ার হস্তান্তর হইতে প্রাপ্ত মুনাফা উক্ত কোম্পানী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

৫। পূর্ববর্তী দফাসমূহের উল্লিখিত সম্পত্তি ব্যতীত, অন্য কোন সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধনী মুনাফা হস্তান্তরকারী, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী কেবল সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৪

স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীর পেশাগত কর্ম বা অনুরূপ প্রকৃতির অন্যবিধ স্বতন্ত্র কার্যাবলী বাবদ অর্জিত আয় কেবল উক্ত রাষ্ট্রের করযোগ্য হইবে, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে অনুরূপ আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে ঃ

(ক) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত ব্যক্তির কার্যসম্পাদনের উদ্দেশ্যে তাহার নিয়মিত ব্যবহার্য কোন নির্দিষ্ট কেন্দ্র থাকে, সেই ক্ষেত্রে আয়ের যতটুকু অংশ ঐ কেন্দ্রের সহিত সম্পর্কযুক্ত ততটুকু অপর রাষ্ট্রে করযোগ্য হইবে; অথবা

(খ) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থ বছরের শুরু বা শেষ হয় এইরূপ ১২ মাস সময় ব্যপ্তিতে তাহার অবস্থান ১৮৩ বা ততোধিক দিন হয়; সেই ক্ষেত্রে আয়ের চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালিত কার্যক্রমের সংগে জড়িত অংশটুকুই চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। "পেশাগত কার্যাদি" বলিতে বিশেষভাবে বিজ্ঞান, সাহিত্য ধর্মী, শিল্প বিষয়ক, শিক্ষা অথবা শিক্ষাদান বিষয়ক স্বতন্ত্র কার্যাদি বুঝাইবে এবং চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দন্তচিকিৎসক ও হিসাব রক্ষকের স্বতন্ত্র কার্যাবলীও ইহার অন্তর্ভুক্ত হইবে।

অনুচ্ছেদ ১৫

নির্ভরশীল ব্যক্তিগত কার্যাদি

১। ১৬, ১৮, ১৯, ২০ এবং ২১ অনুচ্ছেদের বিধানবলী সাপেক্ষে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক সম্পাদিত কর্ম বাবদ প্রাপ্ত বেতন, মজুরী ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে। যদি উক্ত কর্ম অপর রাষ্ট্রে সম্পাদিত না হয়। যদি কর্ম চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত হয় তাহা হইলে উহা হইতে অর্জিত পারিশ্রমিক এর উপর কর উক্ত অপর রাষ্ট্রেই আরোপ করা যাইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। দফা ১ এর বিধানাবলী সত্ত্বেও, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোন কর্মবাবদ প্রাপ্ত পারিশ্রমিক কেবলমাত্র প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি ঃ

(ক) প্রাপক চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থ বৎসরে অনধিক সর্বমোট ১৮৩ দিনের মেয়াদ বা মেয়াদসমূহের জন্য অবস্থান করিয়া থাকেন; এবং

(খ) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ কোন নিয়োগকর্তা কর্তৃক অথবা তাহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়; এবং

(গ) নিয়োগকর্তার মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র কর্তৃক পারিশ্রমিক বহন না হইয়া থাকে।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, আন্তজার্তিক গমনাগমনে পরিচালিত কোন জাহাজ বা বিমানে অথবা অভ্যন্তরীণ জল পথে পরিচালিত নৌযান এ চাকুরী হইতে অর্জিত পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে যেই রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনা কেন্দ্র অবস্থিত।

অনুচ্ছেদ ১৬

পরিচালকগণের ফিস

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী তাহার যোগ্যতায় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্যরূপে অর্জিত পরিচালকের ফিস বা অনুরূপ অর্থ উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

অনুচ্ছেদ ১৭

শিল্পী ও খেলোয়াড়

১। অনুচ্ছেদ ১৪ ও ১৫ এর বিধানাবলী সত্ত্বেও, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নাট্য, চলচ্চিত্র, বেতার বা টেলিভিশন শিল্পী কিংবা সংগীতের ন্যায় চিত্রবিনোদনকারী অথবা খেলোয়াড় দ্বারা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত ব্যক্তিগত কার্যাবলী ও ক্রীড়াকলাপ প্রদর্শনের মাধ্যমে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। যে ক্ষেত্রে কোন চিত্রবিনোদনকারী অথবা খেলোয়াড় কর্তৃক ব্যক্তিগত ক্রীড়া নৈপুন্য প্রদর্শনের বিনিময়ে লব্ধ আয় তাহার নিজের কাছে জমা না হইয়া অন্য কোন ব্যক্তির নিকট জমা হয়, সে ক্ষেত্রে উক্ত আয়, অনুচ্ছেদ ৭, ১৪ ও ১৫ বিধানবলীতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্র চিত্তবিনোদনকারী কিংবা খেলোয়াড়ের অনুরূপ ক্রীড়া নৈপুন্য প্রদর্শিত হয় সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে দফা-১ ও ২ এ বর্ণিত কার্যক্রম থেকে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপ হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত ভ্রমণ সম্পূর্ণ বা প্রধানতঃ প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের সরকার অথবা উহার কোন স্থানীয় কর্তৃপক্ষের অর্থায়নে অথবা চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের সরকারদ্বয়ের মধ্যে সাংস্কৃতিক চুক্তি বা এই জাতীয় কোন ব্যবস্থার মাধ্যমে সম্পাদিত হয়।

অনুচ্ছেদ ১৮

অবসর ভাতা

অনুচ্ছেদ ১৯ এর দফা ২ এর বিধানবলী সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিবাসী কর্তৃক প্রদত্ত পেনশন এবং চাকুরী শেষে অতীত চাকুরী বিবেচনায় প্রদত্ত অনুরূপ অন্যান্য ভাতাদি কেবল চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৯

সরকারি চাকুরী

১। (ক) বেতন, মজুরী এবং একইরূপ অন্যান্য ভাতা, অবসর ভাতা ব্যতীত, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা উহার স্থানীয় কর্তৃপক্ষে চাকুরীর কারণে চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্র বা উহার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হইলে তাহা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রে করযোগ্য হইবে।

(খ) যাহা হউক, এইরূপ বেতন, মজুরী এবং একইরূপ অন্যান্য ভাতা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি চাকুরী উক্ত অপর রাষ্ট্রে হয় এবং উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হয় যে ঃ

(i) চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রের নাগরিক; অথবা

(ii) শুধুমাত্র চাকুরীর কারণে চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রের নাগরিক হতে পারেননি।

২। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র অথবা উহার কোন স্থানীয় কর্তৃপক্ষে চাকুরীর কারণে উক্ত রাষ্ট্র বা উহার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অথবা উহার দ্বারা তৈরী তহবিল হইতে পরিশোধিত অবসর ভাতা চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রে করযোগ্য হইবে।

(খ) যাহা হউক, এইরূপ অবসর ভাতা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী এবং নাগরিক হন।

৩। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা উহার কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোন কারবারে কার্য সম্পাদনের জন্য প্রদত্ত বেতন, মজুরী এবং একইরূপ অন্যান্য ভাতা এবং অবসর ভাতার ক্ষেত্রে অনুচ্ছেদ ১৫, ১৬, ১৭ এবং ১৮ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ২০

শিক্ষক এবং গবেষক

কোন শিক্ষক অথবা গবেষক যদি শিক্ষকতা বা গবেষণা কার্য পরিচালনার জন্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে আমন্ত্রিত হওয়ার অথবা ভ্রমণ করার পূর্বেই চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী আছেন অথবা ছিলেন তবে তাঁকে কোন ভাতা প্রদান করা হইলে সর্বোচ্চ ৩ বছর পর্যন্ত উক্ত ভাতার উপর কর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে আরোপ করা হইবে না।

অনুচ্ছেদ ২১

ছাত্র ও শিক্ষানবিস

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের পূর্বেই চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে নিবাসী আছেন বা ছিলেন এরূপ কোন ছাত্র বা প্রশিক্ষণার্থী বা শিক্ষানবিস যিনি প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে শুধুমাত্র তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত আছেন, তিনি তাহার আবাসন খরচ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য কোন অর্থ প্রাপ্ত হইলে সেই অর্থের উপর প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে কর আরোপ করা যাইবে না, তবে শর্ত থাকে যে, এইরূপ অর্থ পরিশোধ চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রের বহির্ভূত কোন উৎস হইতে উদ্ভূত হইবে।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে নিবাস আছেন বা ছিলেন এরূপ কোন ছাত্র বা প্রশিক্ষণার্থী বা শিক্ষানবিস যিনি প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে শুধুমাত্র তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত আছেন, তিনি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন সেবা প্রদান হইতে কোন পারিশ্রমিক প্রাপ্ত হইলে তাহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে না। তবে শর্ত থাকে যে, উক্ত সেবা তাহার শিক্ষা বা প্রশিক্ষণের সহিত সম্পর্কযুক্ত এবং তাহার ভরণপোষণের জন্য প্রয়োজনীয় হইতে হইবে।

অনুচ্ছেদ ২২

অন্যান্য আয়

১। চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রের কোন নিবাসীর এইরূপ কোন আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই তাহা যেখানেই উদ্ভূত হউক না কেন, কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। দফা ১ এর বিধানসমূহ সেইরূপ আয়ের উপর প্রযোজ্য হইবে না, অনুচ্ছেদ ৬ এর দফা ২ এ সংজ্ঞায়িত স্থাবর সম্পত্তি হইতে আয় ব্যতীত, যদি সেই আয়ের প্রাপক চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি করেন এবং যে অধিকার বা সম্পদের জন্য আয় পরিশোধ করা হয় তাহা ঐ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সংগে কার্যকরভাবে সম্পর্কযুক্ত।

৩। দফা ১ এবং ২ এর বিধানাবলীতে যাহাই বলা হোক না কেন এই চুক্তি পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর এইরূপ যে কোন আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত হইলে তাহা উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ২৩

দ্বৈত করারোপন পরিহার পদ্ধতি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে প্রাপ্ত আয় যাহার উপর এই চুক্তির বিধান অনুযায়ী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপিত হইতে পারে, এই অনুচ্ছেদের দফা ২ এর বিধান সাপেক্ষে প্রথমোক্ত রাষ্ট্র উক্ত আয়কে কর অব্যাহতি প্রদান করিবে।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী যখন এইরূপ আয় লাভ করেন যাহার উপর অনুচ্ছেদ ১০, ১১ ও ১২ এর বিধানাবলী অনুযায়ী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপ করা যায় সেক্ষেত্রে প্রথমোক্ত রাষ্ট্র ঐ নিবাসীকে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিশোধিত করের সমপরিমাণ অংক তাহার আয়ের উপর আরোপিত কর হইতে বিয়োজন করিবে। বিয়োজন করার পূর্বে হিসাবকৃত করের তুলনায় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের আয়ের সংশ্লিষ্ট কর বিয়োজনের পরিমাণ বেশী হইতে পরিবে না।

৩। কর যাহা চুক্তি সম্পাদনকারী যে কোন রাষ্ট্রের কোন নির্দিষ্ট সময়ের জন্য কর অব্যাহতি বা বিয়োজন প্রাপ্ত তাহা নিষ্পন্ন বলিয়া গণ্য হইবে এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে এইরূপ আয়ের উপর কর আরোপের ক্ষেত্রে বিয়োজন প্রাপ্ত হইবে।

৪। সৌদি আরবের ক্ষেত্রে, সৌদি নাগরিকদের যাকাত সংগ্রহ বিষয়ের বিধানসমূহকে দ্বৈত কর পরিহার পদ্ধতি প্রভাবিত করিবে না।

অনুচ্ছেদ ২৪

পারস্পরিক মতৈক্যের কার্যপদ্ধতি

১। যে ক্ষেত্রে কোন ব্যক্তি মনে করেন যে, চুক্তির সম্পাদনকারী একটি রাষ্ট্রের অথবা উভয় রাষ্ট্রের গৃহীত ব্যবস্থার ফলে তাহার উপর এই চুক্তির বরখেলাপে কর আরোপ করা হইয়াছে অথবা হইবে, সেই ক্ষেত্রে এই সকল রাষ্ট্রের জাতীয় আইনে ব্যবস্থিত প্রতিকারের প্রতি বিরূপ মনোভাব পোষণ না করিয়া চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তিনি নিবাসী সেই রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট বিষয়টি উত্থাপন করিতে পারিবেন। এই চুক্তির বিধান অনুযায়ী করা হয় নাই এইরূপ কার্যক্রম প্রথম জারী হওয়ার ৩ বছরের মধ্যে বিষয়টি অবশ্যই উত্থাপন করিতে হইবে।

২। যদি আপত্তিটি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ন্যায়সংগত বলিয়া প্রতীয়মান হয় এবং উক্ত কর্তৃপক্ষ উহার সুষ্ঠু সমাধানে উপনীত হইতে অপারগ হন তাহা হইলে চুক্তির বরখেলাপে কর আরোপ পরিহারের উদ্দেশ্যে উক্ত কর্তৃপক্ষ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পারস্পরিক সম্মতির মাধ্যমে বিষয়টি মীমাংসা করিবার প্রচেষ্টা চালাইবেন। যদি কোন সমঝোতায় পৌঁছানো যায় তবে তাহা চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের কর আইনে নির্ধারিত যে কোন সময়সীমা থাকা সত্ত্বেও, তাহা বাস্তবায়ন করা হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। এই চুক্তির ব্যাখ্যা অথবা প্রয়োগ সম্পর্কে কোন সংকট বা সংশয় দেখা দিলে তাহা নিরসনের জন্য চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতির মাধ্যমে প্রচেষ্টা চালাইবেন। এই চুক্তিতে বিধান করা হয় নাই এইরূপ কোন ক্ষেত্রে দ্বৈতকর পরিহারের উদ্দেশ্যে তাহারা পরস্পর আলাপ আলোচনাও করিতে পারিবেন।

৪। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ এই চুক্তির বিধানসমূহ প্রয়োগের উদ্দেশ্যে পরস্পরের সহিত সরাসরি যোগাযোগ স্থাপন করিতে পারিবেন।

৫। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সমঝোতার মাধ্যমে এই চুক্তির উপযুক্ত প্রয়োগের বিষয় নিষ্পন্ন করিতে পারিবেন, বিশেষতঃ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীগণ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে এই চুক্তির বিধানাবলী অনুযায়ী যে সমস্ত কর অব্যাহতি প্রাপ্য।

৬। এই চুক্তির কোন কিছুই কর ফাঁকি এবং কর পরিহার বিষয়ে চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিজস্ব কর আইন প্রয়োগকে বাধাগ্রস্ত করিবে না।

অনুচ্ছেদ ২৫

তথ্য বিনিময়

১। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ এই চুক্তির বিধানাবলী পালন অথবা এই চুক্তির আওতাভুক্ত করসমূহের এই চুক্তির বিধানাবলীর সহিত সঙ্গতিপূর্ণ, বিশেষতঃ কর জালিয়াতী এবং কর ফাঁকি সংক্রান্ত বিষয়াবলী, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের নিজ নিজ দেশের আইন প্রয়োগের জন্য তথ্য বিনিময় করিবেন। তথ্য বিনিময় অনুচ্ছেদ ১ দ্বারা সীমাবদ্ধ হইবে না। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক প্রাপ্ত তথ্য ঐ রাষ্ট্রের নিজস্ব আইন অনুযায়ী সংগৃহীত তথ্য যেইরূপ গোপন বলিয়া বিবেচিত হয় সেইরূপ গোপন বলিয়া বিবেচিত হইবে, এবং শুধুমাত্র এই চুক্তিতে আওতাধীন করসমূহের নির্ধারণ অথবা আদায়, প্রয়োগ অথবা বিচার, আপীল নির্ধারণের সহিত জড়িত ব্যক্তি বা কর্তৃপক্ষগণের (আদালত এবং প্রশাসনিক কর্তৃপক্ষ অন্তর্ভুক্ত) কাছেই শুধু প্রকাশ করা যাইবে। এইরূপ ব্যক্তি বা কর্তৃপক্ষগণ এরূপ তথ্য শুধুমাত্র ঐ কার্যক্রমের জন্যই ব্যবহার করিবেন। তাহারা এইরূপ তথ্য গণ আদালতের রায় বা বিচার সিদ্ধান্তে প্রকাশ করিতে পারিবেন।

২। নিম্নলিখিত ক্ষেত্রে দফা ১ এর বিধানাবলী চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উপর বাধ্যবাধকতা আরোপ করিতেছে বলিয়া কোন অবস্থাতেই ব্যাখ্যা করা যাইবে না ঃ

(ক) চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্র বা অন্য রাষ্ট্রের আইনসমূহের অথবা প্রশাসনিক রীতির পরিপন্থী কোন প্রশাসনিক ব্যবস্থা কার্যকর করা;

(খ) চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বা অন্য রাষ্ট্রের আইনসমূহের অধীনে অথবা স্বাভাবিক প্রশাসনিক কার্যক্রম অনুযায়ী প্রাপ্তব্য নহে তাহা সরবরাহ করা;

(গ) কোন বাণিজ্য, ব্যবসা, শিল্প, বাণিজ্য বা পেশা সংক্রান্ত গোপনীয়তা বা ব্যবসা সংক্রান্ত পদ্ধতি ফাঁস হইয়া যায় এমন কোন তথ্য সরবরাহ করা অথবা যে তথ্য প্রকাশ করা সরকারি নীতির পরিপন্থী হইতে পারে এইরূপ কোন তথ্য সরবরাহ করা।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

অনুচ্ছেদ ২৬

নির্দিষ্ট বিধানাবলী

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের সরকার (সৌদি আরবের ক্ষেত্রে সৌদি এ্যারাবিয়ান মনিটারি এজেন্সী, বাংলাদেশের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে বিনিয়োগ করিলে এবং সেই বিনিয়োগ (উহার হস্তান্তর হইতে অর্জিত মুনাফা অন্তর্ভুক্ত) থেকে অর্জিত আয় সেই অপর রাষ্ট্রে কর আরোপণ হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে।

অনুচ্ছেদ ২৭

কূটনৈতিক ও বাণিজ্যিক দূতাবাসের সদস্যগণ

এই চুক্তির কোন কিছু আন্তর্জাতিক আইনের সাধারণ নিয়মাবলী অথবা বিশেষ চুক্তির বিধানাবলীর আওতায় কূটনৈতিক প্রতিনিধি অথবা বাণিজ্যিক দূতাবাসের সদস্যগণের কর সুবিধা ব্যাহত করিবে না।

অনুচ্ছেদ ২৮

বলবৎ হওয়া

১। চুক্তি বলবৎ করার জন্য চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্র সেই রাষ্ট্রের আইনগত প্রক্রিয়া সম্পন্ন হওয়ার বিষয়টি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রকে অবহিত করিবে। এই চুক্তি বর্ণিত অবহিতকরণের মধ্যে যেইটি শেষে ঘটিবে সেইটি যেই মাসে ঘটিবে তাহার পরবর্তী দ্বিতীয় মাসের প্রথম দিন হইতে কার্যকর হইবে।

২। এই চুক্তির বিধানাবলী প্রয়োগ হইবে ঃ

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ক্ষেত্রে—

(i) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, এই চুক্তির কার্যকর হওয়ার তারিখের পরবর্তী পঞ্জিকা বর্ষের ১ জুলাই বা তৎপরবর্তীতে পরিশোধ ও সমন্বয়ের ক্ষেত্রে; এবং

(ii) অন্যান্য ক্ষেত্রে, এই চুক্তির কার্যকর হওয়ার তারিখের পরবর্তী পঞ্জিকা বর্ষের ১ জুলাই বা তৎপরবর্তীতে আরম্ভ করযোগ্য বছরের জন্য।

(খ) কিংডম অব সৌদি আরব সরকারের ক্ষেত্রে—

(i) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, এই চুক্তির কার্যকর হওয়ার তারিখের পরবর্তী ১ জানুয়ারী বা তৎপরবর্তীতে পরিশোধ ও সমন্বয়ের ক্ষেত্রে; এবং

(ii) অন্যান্য ক্ষেত্রে, এই চুক্তির কার্যকর হওয়ার তারিখের পরবর্তী ১ জানুয়ারী বা তৎপরবর্তীতে আরম্ভ করযোগ্য বছরের জন্য।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ২৯

অবসান

১। এই চুক্তি অনির্দিষ্ট কালের জন্য বলবৎ থাকিবে, তবে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের যে কোন একটি রাষ্ট্র এই চুক্তি কার্যকর হওয়ার তারিখের ৫ বছর পূর্ণ হওয়ার পরে যে কোন পঞ্জিকা বর্ষের ৩০ জুন বা তৎপূর্বে চুক্তি অবসানের লিখিত নোটিশ দ্বারা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রকে কূটনৈতিক কর্তৃপক্ষের মাধ্যমে এই চুক্তির অবসানের নোটিশ প্রদান করিতে পারিবেন।

২। এইরূপ ক্ষেত্রে এই চুক্তির কার্যকারিতা রহিত হইবে ঃ

(ক) **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ক্ষেত্রে**—

(i) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী পঞ্জিকা বর্ষের ১ জুলাই বা তৎপরবর্তীতে পরিশোধ ও সমন্বয়ের ক্ষেত্রে; এবং

(ii) অন্যান্য ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী পঞ্জিকা বর্ষের ১ জুলাই বা তৎপরবর্তীতে আরম্ভ করযোগ্য বছরের জন্য।

(খ) **কিংডম অব সৌদি আরব সরকারের ক্ষেত্রে**—

(i) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী ১ জানুয়ারি বা তৎপরবর্তীতে পরিশোধ ও সমন্বয়ের ক্ষেত্রে; এবং

(ii) অন্যান্য ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী ১ জানুয়ারি বা তৎপরবর্তীতে আরম্ভ করযোগ্য বছরের জন্য।

৩। উপরিউক্ত শর্তাবলী মানিয়া লইয়া নিম্নস্বাক্ষরকারীগণ তৎসম্পর্কে তাহাদের স্ব স্ব সরকার কর্তৃক যথাযথ ক্ষমতা প্রাপ্ত হইয়া চুক্তি স্বাক্ষর করিলেন।

এই চুক্তি বাংলা, আরবী এবং ইংরেজী ভাষায় প্রতিটি মূল দুই প্রস্থে সম্পাদিত এবং অদ্য ২০১১ সালের জানুয়ারী মাসের ০৪ তারিখে রিয়াদে স্বাক্ষরিত যাহার তিনটি পাঠই সমভাবে নির্ভরযোগ্য। ব্যাখ্যার ক্ষেত্রে কোন মতানৈক্য দেখা দিলে ইংরেজী পাঠই প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে

মুহাম্মদ ফারুক খান
বাণিজ্য মন্ত্রী

কিংডম অব সৌদি আরব সরকারের পক্ষে

হামাদ বিন সোলাইমান আল বাজাই
ভাইস মিনিষ্টার ফর ফাইন্যান্স

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

চুক্তি

(English Text)

CONVENTION

BETWEEN

THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

AND

THE GOVERNMENT OF THE KINGDOM OF SAUDI ARABIA

FOR

THE AVOIDANCE OF DOUBLE TAXATION
AND THE PREVENTION OF TAX EVASION
WITH RESPECT TO TAXES ON INCOME

The government of the People's Republic of Bangladesh and the Government of the Kingdom of Saudi Arabia.

Desiring to conclude a Convention for the avoidance of double taxation and the prevention of tax evasion with respect to taxes on income;

Have agreed as follows :

Article 1

Persons Covered

This Convention shall apply to persons who are residents of one or both of the Contracting States.

Article 2

Taxes Covered

1. This Convention shall apply to taxes on income imposed on behalf of a Contracting State or of its local authorities, irrespective of the manner in which they are levied.

2. There shall be regarded as taxes on income all taxes imposed on total income, or on elements of income including taxes on gains from the alienation of movable or immovable property, taxes on the total amounts of wages or salaries paid by enterprises, as well as taxes on capital appreciation.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

3. The existing taxes to which this Convention shall apply are in particular :

(a) In the case of the Kingdom of Saudi Arabia :

(i) The Zakat;

(ii) The income tax including the natural gas investment tax (hereinafter referred to as the "Saudi Tax").

(b) In the case of the People's Republic of Bangladesh :

(i) The income tax;

(hereinafter referred to as the "Bangladesh Tax").

4. The provisions of this Convention shall also apply to any identical or substantially similar taxes which are imposed by either Contracting State after the date of signature of this Convention in addition to, or in place of, the existing taxes.The competent authorities in both Contracting States shall notify each other of any significant changes that have been made in their respective taxation laws.

Article 3

General Definitions

1. For the purposes of this Convention, unless the context otherwise requires :

(a) The term "Kingdom of Saudi Arabia" means the territory of the Kingdom of Saudi Arabia which also includes the area outside the territorial waters, where the Kingdom of Saudi Arabia exercises its sovereign and jurisdictional rights in their waters, seabed, sub-soil and natural resources by virtue of its law and international law;

(b) The term "People's Republic of Bangladesh" means all the territories of the People's Republic of Bangladesh including the part of the seabed and its sub-soil thereof, to the extent that area in accordance with international law has been or may hereafter be designated under Bangladesh law as an area within which Bangladesh may exercise sovereign rights with respect to the exploration and exploitation of the natural resources of the seabed of its sub-soil;

(c) The terms "a Contracting State" and "the other Contracting State" mean the Kingdom of Saudi Arabia or the People's Republic of Bangladesh as the context requires;

(d) The term "person" includes an individual, a company and any other body of persons, including the State, or its local authorities, trusts and foundations;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(e) The term "company" means and body corporate or any entity which is treated as a body corporate for tax purposes;

(f) The terms "enterprise of a Contracting State" and æenterprise of the other Contracting State" mean respectively an enterprise carried on by a resident of a Contracting State and an enterprise carried on by a resident of the other Contracting State;

